

# বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

আইপিএ অনুবিভাগ

আইপিএ শাখা-২

www.parliament.gov.bd

## কমনওয়েলথ দিবস ২০১০ উপলক্ষে রচনা প্রতিযোগিতা

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের আয়োজনে আগামী ৮ মার্চ ২০১০ খ্রিঃ কমনওয়েলথ দিবস ২০১০ উদযাপিত হবে। এ উপলক্ষে একটি উন্মুক্ত রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় বাংলাদেশের সকল কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের নিকট হতে নিম্নোক্ত বিষয়ে রচনা আহ্বান করা হচ্ছে। প্রতিযোগিতার তথ্য ও নিয়মাবলী নিম্নে দেয়া হলঃ

১. রচনার বিষয়ঃ “Science, Technology and Society”.
২. রচনাটি অনূর্ধ্ব ২০০০ (দুই হাজার) শব্দ সম্বলিত হতে হবে। ইংরেজীতে বা বাংলায় লিখতে হবে। উপস্থাপনে, বিষয়ের গভীরতায়, শব্দচয়নে এবং অবয়বে রচনাটি বস্তুনিষ্ঠ ও মানসম্পন্ন হতে হবে;
৩. কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ১৫-২২ বছর বয়স-সীমার ছাত্র-ছাত্রীরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে;
৪. বয়স প্রমাণের জন্য এসএসসি পরীক্ষার মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি রচনার সাথে প্রেরণ করতে হবে;
৫. আগামী ২৩/০২/২০১০ খ্রিস্টাব্দের মধ্যে রচনা প্রতিষ্ঠান প্রধানের অনুস্বাক্ষরে বা অগ্রায়ন পত্র সহযোগে ১১ নং ক্রমিক বর্ণিত ঠিকানায় প্রেরণ করতে হবে;
৬. নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত রচনাগুলো একটি নিরপেক্ষ মূল্যায়ন কমিটির মাধ্যমে চূড়ান্ত মূল্যায়নের পর ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী ছাত্র-ছাত্রীদের প্রাইজমানি হিসাবে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার), ৩,০০০/- (তিন হাজার) ও ২,০০০/- (দুই হাজার) টাকা এবং বাংলাদেশ জাতীয় সংসদ ও কমনওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশন (সিপিএ) এর প্রতীক খচিত একটি করে সনদপত্র ও ক্রেস্ট প্রদান করা হবে। এছাড়াও ৪র্থ-১০ম স্থান অধিকারী প্রত্যেক প্রতিযোগীকে ১,০০০/- (এক হাজার) টাকা এবং বাংলাদেশ জাতীয় সংসদ ও কমনওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশন (সিপিএ) এর প্রতীক খচিত একটি করে সনদপত্র প্রদান করা হবে;
৭. প্রতিযোগিতায় কেবল বিজয়ীদের পত্র/ফোন মারফত অবহিত করা হবে এবং পুরস্কার গ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। এজন্য প্রতিযোগীদের পত্র যোগাযোগের ঠিকানা ও ফোন নম্বর রচনার সঙ্গে পৃথক কাগজে সংযুক্ত করতে হবে;
৮. ফলাফল চূড়ান্ত হওয়ার পর কমনওয়েলথ দিবস ৮ মার্চ ২০১০ খ্রিঃ অথবা সুবিধাজনক সময়ে সংসদ ভবনের শপথ কক্ষে বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পীকার জনাব মোঃ আব্দুল হামিদ এডভোকেট, এম.পি. বিজয়ীদের মধ্যে পুরস্কার, ক্রেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে) ও সনদপত্র বিতরণ করবেন;
৯. উল্লেখ্য, প্রতিযোগিতায় অংশগ্রহণ, রচনা জমা প্রদান কিংবা পুরস্কার গ্রহণ অনুষ্ঠানে আগমন উপলক্ষে প্রতিযোগী/বিজয়ীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০. রচনা A4 সাইজের কাগজের এক দিকে স্পষ্ট অক্ষরে হাতে লিখে দাখিল করতে হবে;
১১. রচনা প্রেরণ ও যোগাযোগের ঠিকানাঃ

সচিব,

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়,

(দৃঃআঃ মোঃ এনামুল হক, সহকারী সচিব, আইপিএ শাখা-২),

পশ্চিম ব্লক, ৮ম তলা, সংসদ ভবন,

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭,

ফোনঃ ০২-৮১১২৪৩৩, ফ্যাক্সঃ ০২-৮১১২২৬৭,

ইমেইলঃ [sangshod@citechco.net](mailto:sangshod@citechco.net) / [ipa2branch@yahoo.com](mailto:ipa2branch@yahoo.com)

===//===